

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৪২.২১-১০৭৩

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

৩১ আগস্ট ২০২১

বিষয়: রিট পিটিশন নং- ৩৬১৫/২০২১ এ সরকার পক্ষে Vacate/লিভ টু আপিল দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।


সূত্র: বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এর হাইকোর্ট বিভাগ-এর সহকারী রেজিস্ট্রার কার্যালয় থেকে ১০/০৬/২০২১ তারিখে প্রেরিত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে রাজস্বখাতে চাকুরী আত্মীকরণের বিষয়ে ১১/০৯/২০১৯ তারিখের ৯৮৩(১০০) নং স্মারকের নিয়োগ বিজ্ঞপ্তিকে চ্যালেঞ্জ-এর বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ০৭ (সাত) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়। হাইকোর্ট বিভাগ শুনানি অন্তেঃ বুল ইস্যুপূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। রিটের ৬নং প্রতিপক্ষ জেলা প্রশাসক, বগুড়া।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৩৬১৫/২০২১ এ ২৪/০৩/২০২১ তারিখের প্রদত্ত স্থগিতাদেশ ভ্যাকেটকরণসহ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা/আপিল দায়ের করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞ সলিসিটরের পাশাপাশি নিম্নোক্ত শর্তে অন্তবর্তী আদেশ পালন পূর্বক নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

- ক) বিজ্ঞ সলিসিটর উইং এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- খ) বিজ্ঞ এটর্নি জেনারেল কার্যালয় এর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;
- গ) এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের পক্ষে দফাওয়ারী জবাব প্রস্তুত করে মাননীয় আদালতে পেশ করা;
- ঘ) মামলার অগ্রগতিসহ পরবর্তী সময়ের অর্থাৎ মামলা চলাকালীন সময়ের সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা।

সংযুক্তি:.....(পাতা)।



৩১-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারি সচিব

ফোন: ৯৫৪০৯৯৫

জনাব মো: আশরাফুল আলম, প্যানেল আইনজীবী


ইমেইল: lglaw1@lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০২০.০০৪.০১.০০.১৪২.২১-১০৭৩/১(৪)

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্মসচিব, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ২) উপসচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৩১-৮-২০২১

মোঃ মহিউদ্দীন শামীম

সহকারী সচিব